দৈনিক বাংলা

তারিখ ... 02 JUL 1997
পৃষ্ঠা ... কলাম

06

# বুয়েট ঃ ১৯ কোটি ১১ লক্ষ টাকার নয়া বাজেট

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের এক সভায় ১৯৯৭-৯৮ অর্থবছরের জন্য ৯১ লক্ষ টাকা ঘাটতিসহ ১৯ কোটি ১১ লক্ষ টাকার মূল বাজেট এবং ১৯৯৬-৯৭ অর্থবছরের জন্য ৬৩ লক্ষ ৫৫ হাজার কার ঘাটতিসহ ১৮ কোটি ৫৩ লক্ষ ৫৫ হাজার টাকার সংশোধিত বাজেট অনুমোদন করা হয়। সোমবার অনুষ্ঠিত এই সভায় সভাপতি ছিলেন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং সিন্ডিকেটের সভাপতি অধ্যাপক ডঃ ইকবাল মাহমুদ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

১৯৯৭-৯৮ অর্থবছরের মূল বরাদ্দ ১৯ কোটি ১১ লক্ষ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে সরকারী অনুদানের পরিমাণ ১৭ কোটি ২০ লক্ষ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সূত্র হতে আয় ধরা হয়েছে ১ কোটি টাকা। অবশিষ্ট ৯১ লক্ষ টাকা ঘাটতি। মূল বরাদ্দের ১৯ কোটি ১১ লক্ষ টাকার মধ্যে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারিগণের বেতন-ভাতাদি খাতে ১০ কোটি ৬৭ লক্ষ ৫০ হাজার টাকা, পেনশন খাতে ১ কোটি ২ লক্ষ ৫০ হাজার টাকা, সাধারণ আনুষংঙ্গিক খাতে ৪ কোটি ৭৭ লক্ষ ৫০ হাজার টাকা এবং শিক্ষা আনুষংঙ্গিক খাতে ২ কোটি ৬৩ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে।

সভায় প্রারম্ভিক ঘাটতি ২২ হাজার টাকাসহ ১৯৯৬-৯৭ অর্থবছরের ঘাটতি ৬৩ লক্ষ ৭৭ হাজার টাকা এবং ১৯৯৭-৯৮ অর্থবছরের ঘাটতি ৯১ লক্ষ টাকা অর্থাৎ সর্বমোট ১ কোটি ৫৪ লক্ষ ৭৭ হাজার টাকার ঘাটতি বিশেষ মঞ্জুরি হিসাবে বিশ্ববিদ্যালয়ের অনুকূলে বরাদ্দ করার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রতি আহবান জানানো হয়েছে।

১৯৯৬-৯৭ অর্থবছরের সংশোধিত বরাদ্দ ১৮ কোটি ৫৩ লক্ষ ৫৫ হাজার টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে সরকারী অনুদানের পরিমাণ ১৬ কোটি ৯০ লক্ষ টাকা, নিজস্ব সূত্র হতে আয়ের পরিমাণ ১ কোটি টাকা এবং ৬৩ লক্ষ ৫৫ হাজার টাকা ঘাটতি। মোট বরাদ্দের মধ্যে বেতন-ভাতাদি খাতে ১০ কোটি ৩৮ লক্ষ ৯৫ হাজার টাকা, পেনশন খাতে ১ কোটি টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে ৪ কোটি ৭৭ লক্ষ ৭০ হাজার টাকা এবং শিক্ষা আনুষাংঙ্গিক খাতে ২ কোটি ৩৬ লক্ষ ৯০ হাজার টাকা।